

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রতিমন্ত্রীর দপ্তর
প্রেস বিজ্ঞপ্তি
নং-২০২৪/৩/১১-১

প্রধানমন্ত্রীর প্রেস সচিবের মরদেহে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রীর পক্ষে শ্রদ্ধা নিবেদন

ঢাকা, ১১ মার্চ ২০২৪

প্রধানমন্ত্রীর প্রেস সচিব বীর মুক্তিযোদ্ধা ইহসানুল করিমের মরদেহে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাতের পক্ষে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রতিমন্ত্রীর একান্ত সচিব মো. তোফাজ্জল হোসেন।

সোমবার সকালে জাতীয় প্রেসক্লাব প্রাঙ্গণে প্রয়াত ইহসানুল করিমের মরদেহে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রীর পক্ষে শ্রদ্ধা নিবেদন করা হয়।

উল্লেখ্য তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী শারীরিকভাবে অসুস্থ থাকার কারণে প্রয়াত ইহসানুল করিমের জানাজা ও শ্রদ্ধা নিবেদনে উপস্থিত থাকতে পারেন নি।

পরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পক্ষে প্রয়াত ইহসানুল করিমের মরদেহে শ্রদ্ধা নিবেদন করেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোহাম্মদ আলতাফ-উল-আলম এবং মো. মজিবুর রহমানসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ।

স্বাক্ষরিত/-

মো. ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০।

